



“মুজিব বর্ষের আহবান  
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)  
কুষ্টিয়া রোড, মেহেরপুর।



Web: ttc.meherpur.gov.bd

### ভর্তি বিজ্ঞপ্তি

প্রযুক্তিগত উন্নয়নের প্রেক্ষাপটে জাতীয় অর্থনীতিতে সমৃদ্ধি ও অগ্রগতি অর্জনের পাশাপাশি শিক্ষিত ও অশিক্ষিত যুবক ও যুব মহিলা সমাজকে দক্ষ জনগোষ্ঠীতে প্রশিক্ষিত পূর্বক দারিদ্র বিমোচন করার লক্ষ্যে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) ঢাকা কর্তৃক পরিচালিত মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে স্বল্প (০৬ মাস) মেয়াদী নিম্নলিখিত কোর্সসমূহে ভর্তির জন্য ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

কেন মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) অন্যান্য প্রতিষ্ঠান থেকে আলাদা?

ক) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন সরাসরি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পরিচালিত।

খ) বাংলাদেশের একমাত্র ট্রেনিং উইং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) মহাপরিচালক মহোদয় কর্তৃক স্বাক্ষরিত সনদ পত্র প্রদান করা হয়।

গ) বিএমইটিতে প্রতিটি প্রশিক্ষণার্থীর ডাটাবেজ সংরক্ষণের মাধ্যমে জাপান, দুবাই, মালয়েশিয়া, হংকং, মধ্যপ্রাচ্য, দক্ষিণ কোরিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে সরকারিভাবে যাওয়ার সুযোগ সৃষ্টি।

ঘ) নিয়মিত (সকাল) কোর্সে ৮০% প্রশিক্ষণার্থীকে হাজিরা ভিত্তিক বিএমইটি কর্তৃক প্রতি মাসে ১০০০/- (বাজেট সাপেক্ষে) টাকা হারে বৃত্তি প্রদান।

ঙ) মেহেরপুর জেলায় একমাত্র সরকারি টিটিসিতে সুসজ্জিত Air Conditioning ল্যাবে সম্পন্ন উন্নত ক্লাসরুম, যন্ত্রপাতি, ইন্টারনেট এবং মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস পরিচালনা।

স্বল্প মেয়াদী কোর্স সমূহের তালিকা (নিয়মিত এবং স্ব-নির্ভর কোর্স বৈকালীন)

ক্রম	ট্রেড কোর্স সমূহ	কোর্স ফি		প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা		ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
		নিয়মিত	স্ব-নির্ভর		নিয়মিত	স্ব-নির্ভর	
০১	কম্পিউটার অপারেশন	৬৭৫/-	২০০০/-	০৬ মাস	৩৫ টি	৪০ টি	এস এস সি/ সমমান পাশ
০২	জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস	৬৭৫/-	৩০০০/-	০৬ মাস	৩৫ টি	৪০ টি	অষ্টম শ্রেণি/সমমান
০৩	জেনারেল ইলেকট্রনিক্স	৬৭৫/-	২৫০০/-	০৬ মাস	৩৫ টি	৪০ টি	অষ্টম শ্রেণি/সমমান
০৪	মেশিন টুলস অপারেশন	৬৭৫/-	৩০০০/-	০৬ মাস	৩৫ টি	৪০ টি	অষ্টম শ্রেণি/সমমান
০৫	গার্মেন্টস (সুইং মেশিন অপারেশন)	৬৭৫/-	৪০০০/-	০৬ মাস	৩৫ টি	৪০ টি	অষ্টম শ্রেণি/সমমান
০৬	সিভিল কন্সট্রাকশন (ম্যাসন)	৬৭৫/-	৪০০০/-	০৬ মাস	৩৫ টি	৪০ টি	অষ্টম শ্রেণি/সমমান
০৭	আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড (2D & 3D)	৬৭৫/-	২৫০০/-	০৬ মাস	৩৫ টি	৪০ টি	এস এস সি/ সমমান পাশ

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী :

- ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের অত্র কেন্দ্রের প্রশিক্ষণ শাখা হতে ৫০/- (অফেরতযোগ্য) টাকার বিনিময়ে আবেদন ফরম সংগ্রহ করতে হবে (সরকারি ছুটির দিন ব্যতীত)।
- ভর্তির আবেদন ফরম বিতরণের তারিখ : ১২/১২/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৫/০১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত।  
(বয়স নিয়মিত ১৬-২০ বছর (শুধুমাত্র কম্পিউটার) এবং ১৬-২৫ বছর অন্যান্য ট্রেডের জন্য)।
- ভর্তির আবেদন ফরম জমাদানের শেষ তারিখ : ০৫/০১/২০২১ খ্রিঃ দুপুর ২ঃ০০ ঘটিকা পর্যন্ত।
- ভর্তি পরীক্ষার তারিখ : ০৭/০১/২০২১ খ্রিঃ রোজ বৃহস্পতিবার। (কম্পিউটার সকাল ১০ ঘটিকায় এবং অন্য ট্রেডসমূহ বেলা ১১:৩০ ঘটিকায়)।
- ফলাফল প্রকাশের তারিখ : ০৭/০১/২০২১ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকায়।
- নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির তারিখ : ০৯/০১/২০২১ খ্রিঃ হতে ১০/০১/২০২১ খ্রিঃ দুপুর ২ঃ০০ ঘটিকা পর্যন্ত।
- অপেক্ষমান তালিকা থেকে ভর্তি (শূন্য আসনে) : ১১/০১/২০২১ খ্রিঃ দুপুর ২ঃ০০ ঘটিকা পর্যন্ত।
- ক্লাস শুরু তারিখ : ১২/০১/২০২১ খ্রিঃ।
- আবেদন পত্র জমার সময় ০৩ (তিন) কপি ছবি (পাসপোর্ট আকারের ০২ কপি ও স্ট্যাম্প আকারের ০১ কপি), জন্ম সনদ অথবা জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট/সনদপত্রের মূল কাগজ প্রদর্শন পূর্বক সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- যেকোন কোর্সের জন্য ১০ জন প্রার্থীর কম হলে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা সম্ভব নাও হতে পারে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় এ বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল এবং যে কোন তারিখ ও তথ্য পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- বিস্তারিত তথ্যের জন্য প্রতিষ্ঠানের প্রশিক্ষণ শাখা/হিসাব শাখায় যোগাযোগ করা যেতে পারে।
- যোগাযোগের মোবাইল নম্বর : ০১৯৫৯০৮১৭৬৯ অথবা ০১৮৮১৭০৯৭১৮

মোঃ আরিফ হোসেন তালুকদার

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র।

মোবাইলঃ ০৭৯১৬৩৪১২/০১৭১২৭৭৫৩৮৮

ইমেইলঃ meherpurttc@gmail.com